১৫৩

তারিখ ... 21 MAY 1997
পৃষ্ঠা: ৯ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

## প্রকাশিত সংবাদ প্রসঙ্গে

গত ৬ই এপ্রিল ইত্তেফাকে প্রকাশিত 'প্রশ্নপত্র ফাঁসের ঘটনা : সন্দেহভাজনদের তালিকা তৈরী' সিআইডি তৎপর শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানাইয়াছে বিমান বাহিনী সদর দপ্তর। প্রতিবাদলিপিতে বলা হইয়াছে, প্রতিবেদনে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সহিত বাবুল নামে বিমান বাহিনীর একজন অবসরপ্রাপ্ত অফিসারের জড়িত থাকার অভিযোগ সঠিক নহে। কারণ বাবুল নামে বিমান বাহিনীর কোন অবসরপ্রাপ্ত অফিসার নাই।

দৈনিক ইত্তেফাকে প্রকাশিত 'পিটি ইনষ্টিটিউটে পেশাগত দ্বন্দ্ব' শীর্ষক সংবাদের প্রেক্ষিতে বাংলাদেশ পিটিআই শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক তপন কুমার দাস এক বিবৃতিতে জানান : বাংলাদেশ পরীক্ষণ বিদ্যালয় শিক্ষক সমিতি বলিতে কোন সমিতির অস্তিত্ব নাই। প্রকৃতপক্ষে বাংলাদেশ পিটিআই শিক্ষক সমিতির গতিশীল কার্যক্রমকে ব্যাহত করার জন্য গুটিকয়েক উচ্চাভিলাষী পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক ভিত্তিহীন তথ্য প্রেরণের মাধ্যমে বিভ্রান্তিমূলক সংবাদ প্রকাশ করিতেছে, যাহা প্রকৃত তথ্যের সহিত কোন মিল নাই। পিটিআই ইনষ্ট্রাক্টরদের নিয়োগবিধি এবং পরীক্ষণ বিদ্যালয় শিক্ষকদের নিয়োগ বিধি সম্পূর্ণ ভিন্ন এবং ভিন্ন দায়-দায়িত্ব সম্পন্ন বলিয়াও তিনি উল্লেখ করেন।